# ডিলার নিয়োগ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫

দেশের অভ্যন্তরীণ বাজার স্থিতিশীল রাখার লক্ষ্যে সারাদেশে ০১ কোটি ফ্যামিলি কার্ডধারী উপকারভোগী পরিবারের মাঝে নিত্য প্রয়োজনীয় খাদ্য পণ্য বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ও ভর্তুকি মূল্যে টিসিবি বিক্রয় করে। এছাড়াও, জরুরী বিশেষ প্রয়োজনে সিটি কর্পোরেশন ও পৌরসভার তুলনামূলক দারিদ্র পীড়িত এলাকায় ট্রাকে করে নিত্য প্রয়োজনীয় খাদ্য পণ্য বিক্রয় করে। এ বিক্রয় কার্যক্রম পরিচালনার জন্য টিসিবি সারাদেশে ডিলার নিয়োগ করে। এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে পরিচালনার জন্য উপযুক্ত যোগ্যতাসম্পন্ন ডিলার নিয়োগ নিশ্চিত করা প্রয়োজন। ডিলার নিয়োগে অধিকতর স্বচ্ছতা ও ডিলারদের জবাবদিহিতা নিশ্চিতকল্পে ডিলার নিয়োগ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫ প্রণয়ন করা আবশ্যক।

০২। এ নীতিমালা **'টিসিবি'র ডিলার নিয়োগ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০২৫"** নামে অভিহিত হবে।

**০৩। এলাকাভিত্তিক ডিলার নিয়োগ:**

(ক) পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকার প্রতি ওয়ার্ডের জন্য একজন এবং পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকা ব্যতীত অন্যান্য অঞ্চলের প্রতি ইউনিয়নের জন্য ০১ (এক) জন করে ডিলার নিয়োগ করা যেতে পারে। তবে, কোন ইউনিয়ন বা পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকার ওয়ার্ডের উপকারভোগী পরিবারের সংখ্যা ১৫০০ এর বেশী হলে ঐ ইউনিয়ন/ওয়ার্ডের জন্য একাধিক ডিলার নিয়োগ করা যাবে। সেক্ষেত্রে স্থানীয় প্রশাসন পণ্য বিক্রয়ের সুবিধার্থে ডিলারদের অধিক্ষেত্র নির্ধারণ করবেন।

(খ) ইউনিয়ন/ওয়ার্ডে স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারিদের মধ্যে থেকে ঐ ইউনিয়ন/ওয়ার্ডের জন্য ডিলার নিয়োগ করতে হবে। তবে, সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারিদের মধ্যে থেকে উপর্যুক্ত কাউকে না পাওয়া গেলে পার্শ্ববর্তী অন্য ইউনিয়নের/ওয়ার্ডের স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারিদের মধ্য থেকে ডিলার নিয়োগ করা যাবে।

**০৪। ডিলারের জন্য আবেদনের যোগ্যতা:**

(ক) জাতীয় পরিচয়পত্র অনুযায়ী কমপক্ষে ১৮ বছর বয়সী বাংলাদেশের বৈধ নাগরিক হতে হবে; তবে, নিম্নে বর্ণিত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণী ডিলার নিয়োগের জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন নাঃ

(i) সরকারি কর্মচারি, বেসরকারি চাকুরীজীবি ও নির্বাচিত জনপ্রতিনিধি:
(ii) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত কোন ব্যক্তি; এবং
(iii) টিসিবি কিংবা অন্য কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক কালো তালিকাভুক্ত ঠিকাদার বা ডিলার কিংবা সরবরাহকারী।

(খ) আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে। ডিলার হিসাবে নিয়োগের আবেদনের তারিখের পূর্ববর্তী ৬ (ছয়) মাসে ব্যাংকে আর্থিক লেনদেনের প্রমাণক নুন্যতম ৫ (পাঁচ) লক্ষ টাকা।

(গ) ইউনিয়নের বড় হাটে বা বাজারে সংশ্লিষ্ট ব্যক্তির নিজস্ব/ভাড়াকৃত দোকান থাকতে হবে। কোন ইউনিয়নে বড় বাজার বা হাট না থাকলে অধিকাংশ উপকারভোগীদের সংগ্রহের জন্য সুবিধাজনক স্থানে নিজস্ব/ভাড়াকৃত দোকান বা বিক্রয়স্থল থাকতে হবে। পৌরসভা ও সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডে জনগণের জন্য সুবিধাজনক স্থানে সংশ্লিষ্ট ব্যক্তির নিজস্ব/ভাড়াকৃত দোকান বা বিক্রয়স্থল থাকতে হবে। নিজস্ব/ভাড়াকৃত দোকান বা বিক্রয়স্থল কমপক্ষে ১০ (দশ) মেঃটন খাদ্যপণ্য মজুদ ও

সংরক্ষণের সুব্যবস্থাসহ পাকা মেঝে এবং খাদ্যপণ্যের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত সংরক্ষণের উপযোগী হতে হবে।

(ঘ) আবেদনকারীকে একজন প্রকৃত মুদি ব্যবসায়ী হতে হবে এবং তার ট্রেড লাইসেন্স থাকা বাধ্যতামূলক।

**০৫। ডিলার নিয়োগের পদ্ধতি:**

ক) ডিলার নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করে বহুল প্রচারিত একাধিক জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। এছাড়াও, টিসিবি'র নিজস্ব ওয়েবসাইট এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(খ) টিসিবি'র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম টিসিবির'র ওয়েব সাইট (tcb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। তবে, টিসিবি কর্তৃক এ সংক্রান্ত অনলাইন প্লাটফর্ম তৈরি হলে উক্ত প্লাটফর্মের মাধ্যমে আবেদন করতে হবে।

(গ) আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-

(i) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি;

(ii) জাতীয় পরিচয়পত্র (NID) এর কপি;

(iii) ট্রেড লাইসেন্সের কপি;

(iv) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট;

(v) দোকান ভাড়ার দলিল/মালিকানার প্রমাণক;

(vi) VAT নিবন্ধন সনদপত্র (যদি থাকে); এবং

(vii) ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর অনুকূলে আবেদন ফি বাবদ ৫,০০০/- টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (আবেদন ফিসহ আবেদন কোনক্রমেই ডিলারশীপ প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না) আবেদনের সাথে জমা দিতে হবে।

ঘ) টিসিবি কর্তৃক দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সরাসরি উপস্থিত হয়ে অথবা ডাকযোগে অথবা অনলাইনে চেয়ারম্যান, টিসিবির বরাবর আবেদন দাখিল করতে হবে।

**০৬। আবেদনপত্র বাছাই, প্রক্রিয়াকরণ ও ডিলার নিয়োগ:**

ক) আবেদনপত্র টিসিবিতে দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ এর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে টিসিবি **ডিলারের যোগ্যতা ও ডিলার নিয়োগের পদ্ধতি**'র আলোকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাই সম্পন্ন করবে।

খ) প্রাথমিক বাছাই শেষে দাখিলকৃত কাগজপত্র যথাযথ পাওয়া গেলে আবেদনপত্রসমূহ সরেজমিন তদন্তপূর্বক যাঁচাই করে মতামত ও সুপারিশ প্রদানের জন্য পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে।

গ) জেলা প্রশাসক আবেদনপত্র প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরেজমিন তদন্তপূর্বক যাঁচাই করে আবেদন বিষয়ে মতামত ও সুপারিশসহ চেয়ারম্যান, টিসিবি বরাবর প্রেরণ করবে।

ঘ) নিম্নোক্তভাবে গঠিত একটি কমিটি জেলা প্রশাসকের ইতিবাচক মতামত ও সুপারিশ প্রাপ্ত আবেদনসমূহ চুড়ান্ত নির্বাচন ও অনুমোদন করবে-

১। চেয়ারম্যান, টিসিবি-সভাপতি

২। পরিচালক (সিএমএস এন্ড এসএন্ডডি), টিসিবি-সদস্য

৩। বাণিজ্য মন্ত্রণালয়ের আইআইটি অনুবিভাগের টিসিবি সংশ্লিষ্ট শাখা/ অধিশাখায় দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-সদস্য

ঙ) চুড়ান্ত অনুমোদনের পর চেয়ারম্যান, টিসিবি ডিলার নিয়োগাদেশ প্রদান করবেন।

চ) নিয়োগাদেশ প্রাপ্তির পর নির্বাচিত ডিলারের নিকট থেকে জামানত বাবদ ৩০,০০০/- টাকা (ফেরতযোগ্য) টিসিবি'র অনুকূলে পে-অর্ডার আকারে জমা গ্রহণ করতে হবে এবং ডিলারের নিকট হতে নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/-টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (পরিশিষ্ট -ক এর নমুনা অনুযায়ী) নিতে হবে।

ছ) অঙ্গীকারনামা প্রদানের পর নিয়োগপ্রাপ্ত ডিলার লাইসেন্স ফি বাবদ দুই বছরের জন্য ১০,০০০/- টাকা টিসিবি'র অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে (অফেরতযোগ্য) জমা প্রদান করলে তার ডিলারশীপ কার্যকরী হবে এবং তার অনুকূলে মালামাল বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) টিসিবি'র ডিলারশীপ ২ বছর পরপর নবায়নযোগ্য। ডিলারশীপ মেয়াদোত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নবায়ন করতে হবে। নবায়ন ফি প্রতি দুই বছরের জন্য ৫,০০০/- টাকা (অফেরতযোগ্য) এবং মেয়াদোত্তীর্ণের পর নবায়নের ক্ষেত্রে ০৩ মাস পর্যন্ত বিলম্ব হলে বিলম্ব ফি বাবদ ১,০০০/- টাকা (অফেরতযোগ্য) এবং ০৩ মাসের বেশি হলে প্রতি মাসের জন্য অতিরিক্ত ৫০০ টাকা জরিমানা প্রদান করতে হবে। ০৬ মাসের মধ্যে কেউ ডিলারশীপ নবায়ন না করলে তার ডিলারশীপ বাতিল করা হবে।

ঝ) (১) পূর্বের গাইডলাইন অনুসারে নিয়োগকৃত ডিলার এর মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত তাদের দায়িত্ব পালনে বাধা নেই। পুরোনো ডিলারদের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ০১ (এক) মাস পূর্বে সংশ্লিষ্ট ডিলারের আবেদনের প্রেক্ষিতে জেলা প্রশাসন কর্তৃক পুনরায় তদন্ত পূর্বক সুপারিশ প্রাপ্তি স্বাপেক্ষ নবায়ন/বাতিল করা যাবে।

(২) এই নীতিমালার অধীন নিয়োগপ্রাপ্ত ডিলারের ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হবার পর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

**০৭। ডিলারশীপ কার্যক্রম তত্বাবধান:**

ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক সার্বিকভাবে টিসিবির ডিলারদের কার্যক্রম তদারক করবেন। টিসিবির আঞ্চলিক কর্মকর্তা তার এখতিয়ারাধীন এলাকার ডিলারদের তত্ত্বাবধান ও তদারকি করবেন। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার টিসিবির ডিলারদের পণ্য বিক্রয় কার্যক্রম পরিচালনা ও তদারকির ব্যবস্থা করবেন।

খ) উপজেলা নির্বাহী অফিসার টিসিবির প্রত্যেক ডিলারের পণ্য বিক্রয় তদারকির জন্য একজন ট্যাগ অফিসার নিয়োগ করবেন এবং ট্যাগ অফিসারগণ নিয়মিত পণ্য বিক্রয় কার্যক্রম মনিটরিং করবেন এবং প্রতিদিনের বিক্রয় সম্পর্কিত প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করবেন। নিযুক্ত ট্যাগ অফিসার বিধি অনুযায়ী তার দপ্তর হতে টিএ/ডিএ প্রাপ্য হবেন।

গ) উপজেলা নির্বাহী অফিসার ট্যাগ অফিসারগণের মাধ্যমে প্রাপ্ত প্রতিবেদন ও তার নিজস্ব মনিটরিং-এর আলোকে উপজেলার প্রতিদিনের সামগ্রিক প্রতিবেদন জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবেন।

ঘ) জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও টিসিবির আঞ্চলিক কর্মকর্তা কর্তৃক ডিলারের কার্যক্রম পরিদর্শনকালে পণ্য বিক্রয় বা বিতরণ কার্যক্রম সংক্রান্ত সকল তথ্য (রেকর্ডপত্র, মজুদ রেজিস্টার ইত্যাদি) চাহিদা অনুযায়ী ডিলার উপস্থাপন করতে বাধ্য থাকবেন।

ঙ) বাণিজ্য মন্ত্রণালয় ও টিসিবির উর্ধ্বতন কর্মকর্তাগণ সারাদেশের যেকোন জেলায় যেকোন ডিলারের বিক্রয়কেন্দ্র পরিদর্শন করতে পারবেন। পরিদর্শনকালে পণ্য বিক্রয় বা বিতরণ কার্যক্রম সংক্রান্ত সকল তথ্য (রেকর্ডপত্র, মজুদ রেজিস্টার ইত্যাদি) চাহিদা অনুযায়ী ডিলার উপস্থাপন করতে বাধ্য থাকবেন।

চ) টিসিবির আঞ্চলিক কর্মকর্তা প্রতিমাসে একাধিক জেলার কমপক্ষে ১০টি বিক্রয়কেন্দ্র পরিদর্শন করবেন। এর মধ্যে কমপক্ষে ২টি কেন্দ্রে উপকারভোগীদের তালিকা ও উত্তোলন ইত্যাদি পরীক্ষা করবেন এবং দৈবচয়নের ভিত্তিতে উপকারভোগীদের যাচাই করবেন। আঞ্চলিক কর্মকর্তা ছক অনুযায়ী **(পরিশিষ্ট-খ)** মাসিক পরিদর্শনসমূহের প্রতিবেদন চেয়ারম্যান, টিসিবি বরাবর প্রেরণ করবেন। বিধি অনুযায়ী তিনি তার দপ্তর হতে টিএ/ডিএ প্রাপ্য হবেন।

ছ) উপজেলা নির্বাহী অফিসার মাসে কমপক্ষে ২টি বিক্রয়কেন্দ্রের উপকারভোগীদের তালিকা ও উত্তোলন ইত্যাদি পরীক্ষা করবেন এবং দৈবচয়নের ভিত্তিতে উপকারভোগীদের যাচাই করবেন এবং এ সম্পর্কিত প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন।

**০৮। ডিলার ও উপকারভোগীদের নিকট পণ্য সরবরাহের পদ্ধতি:**

ক) প্রতি জেলার উপকারভোগীর সংখ্যা অনুযায়ী নির্ধারিত পণ্যসামগ্রী টিসিবি'র গুদাম থেকে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত গুদামে এবং কিছু কিছু ক্ষেত্রে জেলার ডিলারগণের নিকট সরাসরি পণ্য প্রেরণ করা হবে।

খ) টিসিবি'র নিয়োজিত ডিলারগণ তাদের অনুকূলে বরাদ্দের ডিও অনুযায়ী পণ্যসামগ্রীর মূল্য বাবদ প্রদেয় টাকা গুদাম থেকে পণ্য ডেলিভারির ০১ (এক) দিন পূর্বে জেলা প্রশাসক/ টিসিবি এর নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা প্রদান করবেন।

গ) ডিলারগণ টাকা জমার রশিদ/ব্যাংক স্লিপ প্রদর্শনপূর্বক জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত গুদাম/টিসিবি'র গুদাম হতে ডিও অনুযায়ী পণ্যসামগ্রী গ্রহণ করে নিজ দায়িত্বে পরিবহনপূর্বক তার গুদাম/দোকান/বিক্রয়কেন্দ্রে সংরক্ষণ করবেন।

ঘ) ডিলারগণ পরবর্তীতে জেলা প্রশাসক কর্তৃক প্রণীত বিক্রয় ক্যালেন্ডার অনুযায়ী বিক্রয়ের জন্য নির্ধারিত স্থানে ফ্যামিলি কার্ডধারী উপকারভোগীর নিকট ফ্যামিলি কার্ড প্রদর্শন/স্ক্যান/বৃদ্ধাঙ্গুলির ছাপ অথবা নির্ধারিত অন্য কোন পদ্ধতি অনুসরণ সাপেক্ষে সরকার নির্ধারিত মূল্যে (ভর্তুকি মূল্যে) পণ্যসামগ্রী বিক্রয় করবেন।

০৯। **প্রতিনিধি নিয়োগ:**

কোন ডিলার যদি প্রতিনিধির মাধ্যমে পণ্য উত্তোলন করতে চায় তবে সেই ডিলারকে প্রতিনিধির অনুকূলে পণ্য উত্তোলনের ক্ষমতা অর্পণ করা হয়েছে মর্মে জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং টিসিবি'র আঞ্চলিক পরিচালক বরাবর পত্র দিয়ে অবহিত করতে হবে। পত্রের সাথে ডিলার কর্তৃক সত্যায়িত প্রতিনিধির জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। তবে শর্ত থাকে যে, গুরুত্বর অসুস্থতা/বিদেশ গমন/দেশে ভ্রমন ইত্যাদি কারণে ডিলারগণ ১জন প্রতিনিধিকে ৩ মাসের জন্য বছরে সর্বোচ্চ ০২ বার (একাধিক্রমে নয়) ক্ষমতা অর্পণ করতে পারবেন এবং বছরের অবশিষ্ট ০৬ মাস বাধ্যতামূলক ভাবে ডিলারকেই পণ্য উত্তোলন করতে হবে।

১০। **ডিলারশীপ বাতিল:**

১। নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে টিসিবির ডিলারশীপ বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হবে:

ক) কোন ইউনিয়ন বা ওয়ার্ড এর স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসকারীদের মধ্য থেকে ডিলার নিয়োগ করা হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড হতে অন্যত্র স্থানান্তরিত হয়ে বসবাস করলে তার ডিলারশীপ বাতিল হবে।

খ) ডিলারশীপ নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী ছয় মাসের মধ্যে বিলম্ব ফি পরিশোধসহ ডিলারশীপ নবায়ন না করলে;

গ) টিসিবি'র অনুমতি ব্যতীত ঘোষিত বিক্রয়কেন্দ্র বা দোকানের স্থান পরিবর্তন করলে বা ঘোষিত বিক্রয়কেন্দ্রের বাহিরে অন্য কোন স্থানে পণ্য বিক্রয় করলে;

ঘ) যে সকল কাগজপত্র বা দলিলাদি দাখিল সাপেক্ষে ডিলারশীপ প্রদান করা হয়েছে তার কোনটি পরবর্তীতে নকল বলে প্রমাণিত হলে কিংবা স্থগিত বা বাতিল হলে অথবা নবায়ন না করলে;

ঙ) টিসিবি'র ডিলার হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ার পূর্বে বা পরে যেকোন ফৌজদারি মামলায় দন্ডপ্রাপ্ত হলে;

চ) সরকারি/এমপিওভুক্ত/বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরিরত অবস্থায় থাকলে বা ঐ ধরণের প্রতিষ্ঠানের কোন চাকুরিতে যোগদান করলে।

ছ) টিসিবি/মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীর সাথে অশোভন আচরণ প্রমানিত হলে বা অসত্য অভিযোগ দায়ের করলে বা অন্য কোন মাধ্যমে মিথ্যা তথ্য প্রদান করলে;

জ) টিসিবি'র ডিলাররা কেন্দ্রীয়, এলাকা, অঞ্চলভিত্তিক কোন প্রকার সমিতি/এসোসিয়েশন গঠন করতে পারবে না;

ঝ) এই নীতিমালা পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের কারণে ডিলারশীপ বাতিল করা যেতে পারে;

ঞ) কোন ডিলারের বিরুদ্ধে মিডিয়া কিংবা অন্য কোনভাবে কোন অভিযোগ প্রকাশিত বা উত্থাপিত হবার পর উক্ত অভিযোগ তদন্তে প্রমানিত হলে। তবে এ ধরণের অভিযোগ উত্থাপনের ৩০ দিনের মধ্যে টিসিবি তদন্ত পূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

ট) জেলা প্রশাসক কর্তৃক প্রমাণসহ কোন অভিযোগ বা অনিয়ম এর ভিত্তিতে ডিলারশীপ বাতিলের জন্য সুপারিশ করা হলে;

ঠ) বরাদ্দকৃত পণ্য কালো বাজারে বিক্রয়, নির্ধারিত দাম অপেক্ষা বেশী দামে বিক্রয়, টিসিবির সরবরাহকৃত পণ্যের পরিবর্তে অন্য কোন পণ্য বিক্রয়, কার্ডধারী উপকারভোগীর পরিবর্তে অন্য ব্যক্তির নিকট পণ্য বিক্রয় সংক্রান্ত অনিয়ম, ওজনে কম প্রদান বা অন্য কোন অনিয়ম বা কারচুপি করলে;

ড) বরাদ্দ অনুযায়ী পর পর দুইবার পণ্য উত্তোলন করতে ব্যর্থ হলে এবং ট্রাকসেলের ক্ষেত্রে বরাদ্দ প্রাপ্তির ৩ দিনের মধ্যে পণ্য উত্তোলন করতে ব্যর্থ হলে কিংবা বরাদ্দকৃত পণ্য ট্রাকসেলে বিক্রয় শেষ না হলে জেলা প্রশাসক ও টিসিবি'র আঞ্চলিক কর্মকর্তার অনুমতি ব্যতিত অবৈধ মজুদ করলে;

ঢ) একই পরিবারের একাধিক সদস্যের কিংবা একই ব্যক্তির নামে একাধিক ডিলারশীপ থাকলে (পরিবার বলতে বাবা-মা, স্বামী-স্ত্রী, নির্ভরশীল ভাই-বোন, অবিবাহিত পুত্র-কন্যা বুঝাবে);

ণ) টিসিবি'র কর্মকর্তা/কর্মচারীর পরিবারের সদস্য বা টিসিবি'র সাথে কোনরূপ চুক্তিবদ্ধ থাকলে;

ত) ডিলার নিয়োগকালে প্রদত্ত অঙ্গীকারনামার বরখেলাপ হলে বা টিসিবি'র কোন লিখিত আদেশ অমান্য করলে;

থ) ইতিপূর্বে টিসিবি'র ডিলার ছিলো, কিন্তু এ নীতিমালার ১০ নং অনুচ্ছেদের অধীন কোন কারণে ডিলারশীপ বাতিল হয়েছে;

**১১। জরুরী প্রয়োজনে বিশেষ এলাকার জন্য সাময়িক ডিলার নিয়োগ:**

সরকার বিশেষ পরিস্থিতিতে কোন সিটি কর্পোরেশন বা পৌর এলাকায় জরুরী ভিত্তিতে টিসিবি কর্তৃক ট্রাকসেলের মাধ্যমে ভর্তুকী মূল্যে খাদ্যপণ্য বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করলে ট্রাকসেলের জন্য প্রয়োজন অনুযায়ী ডিলার নিয়োগের ব্যবস্থা করা যাবে। এ ধরণের ডিলার নিয়োগের ক্ষেত্রে উপরের ৩ নম্বর নীতি অনুসরণের প্রয়োজন হবে না। তবে-

(ক) সাময়িক ট্রাকসেল ডিলারের নিয়োগের ক্ষেত্রে আবেদনের যোগ্যতা সংক্রান্ত ৪ নম্বর বিধির ঘ প্রযোজ্য হবে না, ট্রাকসেলের ক্ষেত্রে ট্রাকের মালিকানা/ভাড়ার কাগজপত্র থাকতে হবে;

(খ) সাময়িক ট্রাকসেল ডিলারের নিয়োগের ক্ষেত্রে ৫(ক) বিধি প্রযোজ্য হবে না, এক্ষেত্রে ০৩ দিনের সময় দিয়ে টিসিবি ও বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;

(গ) সাময়িক ট্রাকসেল ডিলারের নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে দোকান ভাড়ার দলিল/মালিকানার প্রমাণকের পরিবর্তে ট্রাকের মালিকানা/ভাড়ার কাগজপত্রসহ ৫(গ)-এ উল্লেখিত অন্যান্য কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতিতে আবেদন দাখিল/প্রেরণ করতে হবে;

(ঘ) উপরের ৬ক -এ বর্ণিত কমিটি আবেদন প্রাপ্তির ৩ কার্য দিবসের মধ্যে আবেদন যাচাই বাছাই করে, প্রয়োজনে আবেদনকারীর সাক্ষাতকার গ্রহণ করে, নিয়োগযোগ্য আবেদনসমূহ সুপারিশসহ অনুমোদনের জন্য চেয়ারম্যান, টিসিবি বরাবর উপস্থাপন করবে;

(ঙ) সাময়িক ট্রাকসেল ডিলার নিয়োগের ক্ষেত্রে জেলা প্রশাসকের মাধ্যমে বা অন্য কোনভাবে তদন্ত করে আবেদন যাচাই করার প্রয়োজন নেই;

(চ) বিশেষ কার্যক্রম বাস্তবায়নের মেয়াদই এ ধরণের ডিলারের নিয়োগের মেয়াদ হবে;

(ছ) নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে টিসিবির সাময়িক ট্রাকসেল ডিলারশীপ বাতিল, প্রয়োজনে জামানত বাজেয়াপ্ত করা হবে:

(১) টিসিবি কর্তৃক নির্দেশিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে পণ্য বিক্রয় করলে;

(২) যে সকল কাগজপত্র বা দলিলাদি দাখিল সাপেক্ষে ডিলারশীপ প্রদান করা হয়েছে তার কোনটি পরবর্তীতে ভূয়া বলে প্রমাণিত হলে কিংবা স্থগিত বা বাতিল হলে অথবা নবায়ন না করলে;

(৩) কোন ডিলারের বিরুদ্ধে মিডিয়া কিংবা অন্য কোনভাবে কোন অভিযোগ প্রকাশিত বা উত্থাপিত হবার পর তদন্তে উক্ত অভিযোগ সত্য বলে প্রমাণিত হলে;

(৪) বরাদ্দকৃত পণ্য কালো বাজারে বিক্রয়, নির্ধারিত দাম অপেক্ষা বেশী দামে বিক্রয়, টিসিবির সরবরাহকৃত পণ্যের পরিবর্তে অন্য কোন পণ্য বিক্রয়, পণ্য বিক্রয়ে অনিয়ম, ওজনে কম প্রদান বা অন্য কোন অনিয়ম বা কারচুপি করলে;

(৫) ট্রাকসেলের ক্ষেত্রে বরাদ্দ প্রাপ্তির ০৩ দিনের মধ্যে পণ্য উত্তোলন করতে ব্যর্থ হলে কিংবা বরাদ্দকৃত পণ্য ট্রাকসেলে বিক্রয় শেষ না হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও টিসিবি'র আঞ্চলিক কর্মকর্তার অনুমতি ব্যতিত অবৈধ মজুদ করলে;

(৬) একই পরিবারের একাধিক সদস্যের কিংবা একই ব্যক্তির নামে একাধিক ডিলারশীপ থাকলে (পরিবার বলতে বাবা-মা, স্বামী-স্ত্রী, নির্ভরশীল ভাই-বোন, অবিবাহিত পুত্র-কন্যা বুঝাবে);

(৭) ডিলার নিয়োগকালে প্রদত্ত অঙ্গীকারনামার বরখেলাপ হলে বা টিসিবি'র কোন লিখিত আদেশ অমান্য করলে।

জ) সন্তোষজনকভাবে বিশেষ কার্যক্রম বাস্তবায়নকারী সাময়িক ট্রাকসেল ডিলারগণকে পরবর্তীতে এ ধরণের কার্যক্রমের জন্য সরাসরি নিয়োগ করা যাবে।

ঝ) সাময়িক ট্রাকসেল ডিলারগণ টিসিবি'র পণ্য বিক্রয়কালীন ভোক্তা সাধারণের শৃংখলা, স্বাস্থ্যবিধি অনুসরণ, সামজিক দুরত্ব বজায় রাখা এবং টিসিবি'র নির্দেশনা ও সরকারি স্বার্থ বিরোধী সকল প্রকার অনিয়ম রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**১২। ডিলারশীপ হস্তান্তর বা সমর্পন:**

ক) ডিলারের মৃত্যু ব্যতীত ডিলারশীপ হস্তান্তরযোগ্য নয়।

খ) কোন ডিলার ডিলারশীপ সমর্পন করতে চাইলে তাকে যথাযথ কারণ উল্লেখপূর্বক চেয়ারম্যান, টিসিবি বরাবর আবেদন করতে হবে। ডিলারশীপ সংশ্লিষ্ট কার্যক্রমে আবেদনকারীর কোন দায়দেনা নেই মর্মে নিশ্চিত হয়ে চেয়ারম্যান ডিলারশীপ অবসান সংক্রান্ত আদেশ জারি করতে পারবেন। এক্ষেত্রে, চুক্তিবদ্ধ ডিলার মৃত্যুবরণ করলে ঐ ডিলারের পরিবারের ওয়ারিশগণের সম্মতিক্রমে শুধুমাত্র ঐ পরিবারের একজন উক্ত ডিলারশীপের বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবেন। জেলা প্রশাসকের সুপারিশের প্রেক্ষিতে ডিলারশীপ প্রতিস্থাপনের বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারবেন।

১৩। এতদসংক্রান্ত পূর্বের গাইডলাইন বাতিল বলে গণ্য হবে। তবে পূর্বের গাইডলাইন অনুসারে নিয়োগকৃত ডিলার এর মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত তাদের দায়িত্ব পালনে বাধা নেই। তবে তাদের লাইসেন্স নবায়ন করা যাবে না। এ নীতিমালা অনুসারে নতুন করে আবেদন করে লাইসেন্স নিতে হবে।

১৪। জনস্বার্থে যেকোন সময় এই নীতিমালা সরকার কর্তৃক পরিবর্তনযোগ্য।

১৫। এতদ্বারা ডিলার নিয়োগের সংশোধিত গাইড লাইন ২০২১ রহিত করা হলো। তবে উক্ত গাইড লাইনের আওতায় গৃহীত কার্যক্রম বলবৎ থাকবে।

১৬। এ নীতিমালার কোন বিষয়ে অসামঞ্জস্যতা দেখা দিলে উক্ত বিষয়ে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২.০৬.২০২৫

মাহবুবুর রহমান
সচিব
বাণিজ্য মন্ত্রণালয়